গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
বিদ্যুৎ, জ্বালানি ও খনিজ সম্পদ মন্ত্রণালয়
বিদ্যুৎ বিভাগ
প্রশাসন-১ অধিশাখা

বিষয়ঃ বিদ্যুৎ বিভাগের আওতাধীন বিভিন্ন দপ্তর/সংস্থা/কোম্পানির সমন্বয়ে জুন/২০১৫ মাসে অনুষ্ঠিত মাসিক সমন্বয় সভার কার্যবিবরণী।

সভাপতি	:	মনোয়ার ইসলাম সচিব
সভার তারিখ	:	২৩-০৭-২০১৫খ্রিঃ
সভার সময়	:	সকাল ১১.০০ টা।
সভার স্থান	:	মন্ত্রণালয়ের সভাকক্ষ।
সভায় উপস্থিতি	:	পরিশিষ্ট 'ক'

উপস্থিত সকলকে স্বাগত জানিয়ে সভার কাজ শুরু করা হয়। সভার শুরুতে সভাপতি আগামী ০২-০৮-২০১৫ তারিখ মাননীয় প্রধানমন্ত্রীর তথ্য ও যোগাযোগ প্রযুক্তি বিষয়ক উপদেষ্টা মহোদয়ের বিদ্যুৎ, জ্বালানি ও খনিজ সম্পদ মন্ত্রণালয়ে আগমন উপলক্ষে প্রস্তুতি গ্রহণের জন্য নির্দেশনা প্রদান করেন। এ ছাড়া তিনি বিদ্যুৎ সপ্তাহ-২০১৫ পালন উপলক্ষে প্রস্তুতি গ্রহণ করার জন্য সংশ্লিষ্টদের নির্দেশনা প্রদান করেন। বিদ্যুৎ সপ্তাহ-২০১৫ অনুষ্ঠান গত বছরের চেয়ে এ বছর আরো সুন্দরভাবে আয়োজনের লক্ষ্যে সংশ্লিষ্টদের প্রস্তুতি গ্রহণের জন্য নির্দেশনা প্রদান করেন। সভাপতির অনুমতিক্রমে অতিরিক্ত সচিব (প্রশাসন) বিগত সভার কার্যবিবরণী উপস্থাপন করেন। এতে কোনরূপ সংশোধনী না থাকায় কার্যবিবরণীটি দৃঢ়ীকরণ করা হয়। অতঃপর, আলোচ্যসূচি অনুযায়ী বিস্তারিত আলোচনা ও সিদ্ধান্ত গৃহীত হয়ঃ

আলোচ্যসূচি-০২ Annual Performance Agreement

আলোচনা	সিদ্ধান্ত	বাস্তবায়ন
বিউবো, পবিবো, পিজিসিবি, আরপিসিএল, নওপাজেকো এবং ইজিসিবি হতে Annual Performance Agreement এর জুন/২০১৫ মাসের তথ্য পাওয়া গিয়েছে। অন্যান্য দপ্তর/সংস্থা/কোম্পানি হতে Annual Performance Agreement এর জুন/২০১৫ মাসের তথ্য পাওয়া যায়নি। বিদ্যুৎ বিভাগের আওতাধীন সংশ্লিষ্ট সকল দপ্তর/সংস্থা/কোম্পানিকে Annual Performance Agreement এর তথ্য বিদ্যুৎ বিভাগে যথাসময়ে প্রেরণ এবং সংস্থা/কোম্পানিকে উর্ধ্বতন হতে নিম্ন পর্যন্ত সকল কর্মকর্তার সাথে লক্ষ্যমাত্রা নির্ধারণ করতঃ Annual Performance Agreement স্বাক্ষর করার জন্য নির্দেশনা প্রদান করা হয়। সভায় বিদ্যুৎ বিভাগের আওতাধীন দপ্তর/সংস্থা/কোম্পানিকে Annual Performance Agreement এর লক্ষ্যমাত্রা অর্জনের প্রয়োজনীয় কার্যক্রম গ্রহণ এবং অগ্রগতি নির্ধারিত ছকে প্রতিমাসে বিদ্যুৎ বিভাগে প্রেরণ করার জন্য পুনরায় নির্দেশনা প্রদান করা হয়।	(ক) সকল দপ্তর/সংস্থা/কোম্পানি Annual Performance Agreement এর লক্ষ্যমাত্রা অর্জনের প্রয়োজনীয় কার্যক্রম গ্রহণ করবে এবং অগ্রগতি নির্ধারিত ছকে প্রতিমাসে বিদ্যুৎ বিভাগে প্রেরণ করবে। (খ) সকল সংস্থা/কোম্পানি উর্ধ্বতন হতে নিম্ন পর্যন্ত সকল কর্মকর্তার সাথে লক্ষ্যমাত্রা নির্ধারণ করতঃ Annual Performance Agreement স্বাক্ষর করবে।	সকল সংস্থা/ কোম্পানি।

আলোচ্যসূচি-০৩ নতুন বিদ্যুৎ সংযোগ

বিদ্যুৎ বিতরণী সংস্থা/কোম্পানির শ্রেণিওয়ারী নতুন সংযোগের তথ্যঃ (জুন/২০১৫)

সংস্থা/ কোম্পানি	বিবেচ্য মাসের		২০০৯ সাল হতে				বিবেচ্য মাসে বরাদ্দকৃত লোড (কিলোওয়াট)	সব আবেদন সংযোগ দিলে লোডের প্রয়োজন হবে (কিলোওয়াট)	বিবেচ্য মাসে গ্রাহক পর্যায়ে বসানো সোলার প্যানেল (ওয়াট পিক)
	প্রাপ্ত আবেদন	নতুন সংযোগ প্রদান (বিভিন্ন শ্রেণীর)	বিবেচ্য মাসের পূর্বের পেন্ডিং আবেদন	মোট আবেদন	মোট সংযোগ প্রদান(বিভিন্ন শ্রেণীর)	মোট পেন্ডিং আবেদন			
বিউবো	২৭,৩৪১	১৪,২৮৭	৩১,৩৫৩	১২,৪২,৯৫২	১১,৯৮,৫৪৫	৪৪,৪০৭	৭১,৪৭৫	১,৯৮,২৫০	১,১৪,২২৫
বাপবিবো	১,৬৫,৬০৪	৩,৪২,৩৬৯	৬,৫৫,৯৯০	৫০,৬৭,৬১০	৪৫,৮৮,৩৮৫	৪,৭৯,২২৫	২,১৮,৯৮১	১১,৫৬,৩৫৮	২৪,২৪,০৯২
ডেসকো	৫,৮৬৮	৪,৯২৫	৩,০২৯	৩,২৯,৬৪৬	৩,২৫,৬৭৪	৩,৯৭২	২২,৭১৪	২৯,২৯৯	৪৬
ডিপিডিসি	২,৬২৪	২,৯২৪	২,৪৯৩	২,৫৪,৪১১	২,৫২,২১৮	২,১৯৩	১০,৩১৩	৩৮,৭৫৬	৮০২০
ওজোপাডিকো	৪,০৭২	৪,৫৮৫	১৩,৭৩০	৩,২৮,৮০২	৩,১৫,৫৮৫	১৩,২১৭	১০,১১৪	৮,৯৮২	০
মোট	২,০৫,৫০৯	৩,৬৯,০৯০	৭,০৬,৫৯৫	৭২,২৩,৪২১	৬৬,৮০,৪০৭	৫,৪৩,০১৪	৩,৩৩,৫৯৭	১৪,৩১,৬৪৫	২৫,৪৬,৩৮৩

আলোচনা	সিদ্ধান্ত	বাস্তবায়ন
সকল বিদ্যুৎ বিতরণকারী সংস্থা/কোম্পানি হতে অনলাইনে প্রাপ্ত শ্রেণিওয়ারী নতুন বিদ্যুৎ সংযোগের তথ্য সম্পর্কে সভায় আলোচনা করা হয়। বিদ্যুৎ সংযোগ প্রদান অব্যাহত রাখার জন্য সকল বিদ্যুৎ বিতরণকারী সংস্থা/কোম্পানিকে নিদের্শনা প্রদান করা হয়। সংস্থা/কোম্পানির সাথে লাইন নিয়ে/অন্য কোন সমস্যা থাকলে তা আন্তরিকতার সাথে পারস্পারিক আলোচনার মাধ্যমে সমাধান করার জন্য নির্দেশনা প্রদান করা হয়। বিদ্যুৎ বিভাগের অতিরিক্ত সচিব (সমন্বয়)কে এ বিষয়ে সভা আহবানের পরামর্শ দেয়া হয়। জনগণের অবগতির জন্য সংযোগ ফি সহ অন্যান্য ফি সংক্রান্ত তথ্য সাইনবোর্ডে উল্লেখপূর্বক অফিস প্রাঙ্গনে প্রদর্শনের জন্য নির্দেশনা প্রদান করা হয়। শিল্প কারখানায় বিদ্যুৎ সংযোগের জন্য সংস্থা/কোম্পানিতে প্রাপ্ত আবেদনের ধরণ এবং সংখ্যা উল্লেখপূর্বক জুলাই/২০১৫ মাসের তথ্য বিদ্যুৎ বিভাগে প্রেরণ করার জন্য পরামর্শ প্রদান করা হয়।	(ক) সংস্থা/কোম্পানির সাথে লাইন নিয়ে অথবা অন্য কোন সমস্যা থাকলে তা আন্তরিকতার পারস্পারিক আলোচনার মাধ্যমে সমাধান করতে হবে। তবে পারস্পারিক আলোচনার মাধ্যমে সমাধান করতে না পারলে বিদ্যুৎ বিভাগের সিদ্ধান্ত চুড়ান্ত বলে গণ্য হবে। (খ) জনগণের অবগতির জন্য বিদ্যুৎ সংযোগ ফিসহ অন্যান্য ফি বিষয়ে তথ্য সাইনবোর্ডে উল্লেখপূর্বক অফিস প্রাঙ্গনে প্রদর্শন করতে হবে। (গ) শিল্প কারখানায় বিদ্যুৎ সংযোগের জন্য সংস্থা/কোম্পানিতে প্রাপ্ত আবেদনের ধরণ ও সংখ্যা উল্লেখপূর্বক জুলাই/ ২০১৫ মাসের তথ্য বিদ্যুৎ বিভাগে প্রেরণ করতে হবে।	অতিরিক্ত সচিব (সমন্বয়) সকল বিদ্যুৎ বিতরণ কারী সংস্থা/ কোম্পানি।

আলোচ্যসূচি-০৪ ISO – 9001

আলোচনা	সিদ্ধান্ত	বাস্তবায়ন
বিদ্যুৎ বিভাগের আওতাধীন সংস্থা/কোম্পানিসমূহের ISO-9001 সার্টিফিকেশন বিষয়ে সভায় আলোচনা হয়। এ বিষয়ে বিদ্যুৎ বিভাগের আওতাধীন সংস্থা/কোম্পানি হতে প্রাপ্ত তথ্য নিম্নরুপঃ **বিউবোঃ** ISO- 9001অর্জনের লক্ষ্যে Cirtification Body/Firm নিয়োগের জন্য আহবানকৃত EOI এর মূল্যায়ন শেষে Short-List Farmদ্বয়কে RFP ইস্যু করে যা ২১-০৬-২০১৫ তারিখে RFP (Technical) উন্মুক্ত করা হয় যা বর্তমানে মূল্যায়ন চলছে। **পবিবোঃ** i) বাপবিবোর্ড-এর সদর দপ্তরের জন্য ISO-9001:2008 সার্টিফিকেশন অর্জিত হয়েছে। ii) ISO-18001:2007 এবং ISO-14001:2004 অর্জনের লক্ষ্যে EOI মূল্যায়ন করা হয়েছে। আগামী ২০ জুলাই, ২০১৫ খ্রিঃ তারিখের মধ্যে কনসালটেন্ট নিয়োগ করা যাবে। iii) বাপবিবোর্ড-এর আওতাধীন নরসিংদী পল্লী বিদ্যুৎ সমিতি-১, মানিকগঞ্জ পল্লী বিদ্যুৎ সমিতি এবং মুন্সিগঞ্জ পল্লী বিদ্যুৎ সমিতি ISO-9001:2008 সার্টিফিকেট অর্জন করেছে। iv) আরও ১৫টি পল্লী বিদ্যুৎ সমিতির জন্য ISO-9001:2008 সার্টিফিকেট অর্জনের ব্যবস্থা নেয়া হয়েছে। **ডিপিডিসিঃ** ISO সার্টিফিকেশন অর্জনের লক্ষ্যে অর্থ ক্যাডারে তথ্য-উপাত্ত সংগ্রহ ও বিভিন্ন নির্দেশনার সংকলন প্রস্তুতকরণসহ যাবতীয় কাজ সমাপ্ত হয়েছে। **ডেসকোঃ** বর্তমানে ISO-9001-2008 (Quality Management Development) এর কনসালটেন্ট নিয়োগ করা হয়েছে এবং উক্ত কাজের আওতায় Documentation এর কাজ হয়েছে। **ওজোপাডিকোঃ** ISO-18001 সার্টিফিকেশন অর্জনের লক্ষ্যে SGS প্রতিষ্ঠানকে কার্যাদেশ প্রদান করা হয়েছে। **এপিএসসিএলঃ** ISO-9001 & OHSAS-18001 ও Documentation সম্পন্ন হয়েছে। ফেব্রুয়ারি এর শেষ সপ্তাহে ২০১৫/Stage-I Audit এবং মার্চ এর শেষ সপ্তাহে ২০১৫/Sage-II Audit সম্পন্ন হবে। **পিজিসিবিঃ** ISO-9001:2008 সার্টিফিকেট অর্জন করা হয়েছে। **আরপিসিএলঃ** ISO সদন প্রাপ্তির লক্ষ্যে Consulting Firm হিসেবে R&G Groupকে নিয়োগ দেয়া হয়েছে। ডিসেম্বর এর মধ্যে ২০১৫/ISO সনদ পাওয়া যাবে। **নওপাজেকোঃ** ISO সার্টিফিকেশন অর্জনের লক্ষ্যে Consultant নিয়োগের বিষয়টি কোম্পানি বোর্ডে অনুমোদনের অপেক্ষায় রয়েছে। **ইজিসিবিঃ** ISO-9001:2008 QUALITY MANAGEMENT SYSTEM বাস্তবায়নের লক্ষ্যে পরামর্শক নিয়োগ করা হয়েছে।	সকল সংস্থা/কোম্পানি দ্রুত ISO-9001 ও ISO-18001 সার্টিফিকেশন অর্জনের লক্ষ্যে কার্যক্রম গ্রহণ করবে।	সকল সংস্থা/ কোম্পানি।

আলোচ্যসূচি-০৫ পরীবাগ-এ বিদ্যুৎ ভবন নির্মাণ

আলোচনা	সিদ্ধান্ত	বাস্তবায়ন
বাংলাদেশ বিদ্যুৎ উন্নয়ন বোর্ড ও ডিপিডিসির যৌথ উদ্যোগে বহুতল ভবন নির্মাণ বিষয়ে সভায় আলোচনা হয়। সভায় জানানো হয় যে, ডিপিডিসির মেগা প্লানের আওতায় পরীবাগে বিদ্যুৎ ভবন নির্মাণ করার উদ্যোগে নেয়া হয়েছে। সভায় বিউবোর চেয়ারম্যান এবং সদস্য (প্রশাসন) জানান, বিউবো-র স্বয়ং সম্পূর্ণ সিভিল ইঞ্জিনিয়ারিং বিভাগ রয়েছে, যাতে প্রধান প্রকৌশলীসহ অনেক দক্ষ প্রকৌশলী ও স্থপতি রয়েছেন। তাঁরা বিউবোর তত্ত্বাবধানে ভবনটি নির্মাণের প্রস্তাব করেন। বিদ্যুৎ বিভাগের অতিরিক্ত সচিবের সভাপতিত্বে গঠিত কমিটিকে ভবন নির্মানের বিষয়টি তত্ত্বাবধান করার জন্য সভায় পরামর্শ প্রদান করা হয়।	ঢাকাস্থ পরীবাগে বাংলাদেশ বিদ্যুৎ উন্নয়ন বোর্ড ও ডিপিডিসির যৌথ উদ্যোগে বহুতল ভবন নির্মাণ বিষয়ে অতিরিক্ত সচিব, বিদ্যুৎ বিভাগের তত্ত্বাবধানে বিউবো ও ডিপিডিসি সমন্বিতভাবে কাজ করবে।	অতিরিক্ত সচিব, বিদ্যুৎ বিভাগ/ বিউবো/ ডিপিডিসি।

আলোচ্যসুচি-০৬ সিষ্টেম লস

বিভিন্ন দপ্তর/সংস্থা/কোম্পানির আমদানীর ভিত্তিতে বিতরণ সিষ্টেম লস এর বর্তমান অবস্থা নিম্নরূপঃ (মে/২০১৫)

সংস্থা/কোম্পানি	প্রকৃত লস					
	গত অর্থ বৎসরের অর্জন (%)	চলতি অর্থ বৎসরের লক্ষ্যমাত্রা (%)	গত অর্থ বৎসরের চলতি মাসে (%)	গত অর্থ বৎসরের চলতি মাস পর্যন্ত (%)	চলতি অর্থ বৎসরের চলতি মাসে (%)	চলতি অর্থ বৎসরের চলতি মাস পর্যন্ত (%)
বিউবো	১১.৮৯	১১.৭৫	১২.৭৩	১১.৮৫	১২.২১	১১.০৫
বাপবিবো	১৩.৭২	১৩.০০	১৪.৬৭	১৩.৬২	১৬.৫০	১২.৭৫
ডেসকো	৮.৪৩	৮.৪০	১১.২৩	৮.৪৩	১১.৩৭	৮.০০
ডিপিডিসি	৮.৯৯	৯.৫০	১০.৩৯	৮.৬২	১২.৬৪	৯.১৬
ওজোপাডিকো	১০.৯৭	১০.৮০	১০.৭৩	১১.০৮	১১.৪১	১০.২৬

সামগ্রিক সিষ্টেম লস (সঞ্চালন ও বিতরণ)(মে/২০১৫)

	নীট উৎপাদন বা গ্রীডের মাধ্যমে সঞ্চালনকৃত ইউনিট	ডিপিডিসি ১৩২ কেভি ও অন্যান্য ৪টি ৩৩ কেভি বিতরণ পর্যায়ে প্রাপ্ত ইউনিট (আইপিপি ছাড়া)	সঞ্চালন লস	গ্রীডের মাধ্যমে সঞ্চালনকৃত ইউনিট + হুইলিং বর্হিভূত ইউনিট	ডিপিডিসির ১৩২ কেভি ও অন্যান্য ৪টি সংস্থার ৩৩ কেভি বিতরণ পর্যায়ে মোট আমদানি (আইপিপিসহ)	বিক্রিত ইউনিট	বিতরণ লস	মোট লস (স ও বি)
বর্তমান মাস	৪০২৭.২১০	৩৯১৬.০৯৮	২০৭৬.০০	৪৪১৯.৮১০	৪৩০৮.৬৯৮	৩৭০৫.৭৬০	১৪.০১	১৬.১৭
বিগত বছরের এই মাসে								
চলতি অর্থ বছর (চলতি মাস পর্যন্ত)	৩৭১৪০.২৯০	৩৬১১৬.২৫২	২.৭৬	৪১৪১৮.৩০৮	৪০৩৯৪.২৭০	৩৫৮৮৭.৯৬৩	১১.১৬	১৩.৩৫
বিগত অর্থ বছরর (এই মাস পর্যন্ত)	৩৪৩৫৪.০৩০	৩৩৪১৫.১২১	২.৭৩	৩৮১৬১.৩৯৮	৩৭২২২.৪৮৯	৩২৮১৬.১৬৯	১১.৮৪	১৪.০০

আলোচনা	সিদ্ধান্ত	বাস্তবায়ন
বিভিন্ন সংস্থা/কোম্পানির সিষ্টেম লস সংক্রান্ত তথ্যাদি পর্যালোচনান্তে দেখা যায় যে, মে/২০১৫ মাসে বিউবোর লক্ষ্যমাত্রা ১১.৭৫% এর বিপরীতে অর্জন ১১.০৫%, পবিবোর লক্ষ্যমাত্রা ১৩.০০% এর বিপরীতে অর্জন ১২.৭৫%, ডিপিডিসির লক্ষমাত্রা ৯.০০% এর বিপরীতে অর্জন ৯.১৬%, ডেসকোর লক্ষমাত্রা ৮.৪০% এর বিপরীতে অর্জন ৮.০০%, ওজোপাডিকোর লক্ষমাত্রা ১০.৮০% এর বিপরীতে অর্জন ১০.২৬%, বিদ্যুৎ খাতের সামগ্রীক বিতরণ লসের লক্ষ্যমাত্রা ১১.৪৫%এর বিপরীতে অর্জন ১১.১৬%, সঞ্চালন লসের লক্ষ্যমাত্রা ২.৭৬% এর বিপরীতে অর্জ ২.৭৬% এবং সামগ্রিক সঞ্চালন ও বিতরণ লসের লক্ষ্যমাত্রা ১৩.৭৫% এর বিপরীতে অর্জন ১৩.৩৫%। মে/২০১৫ মাসে ডিপিডিসি ব্যতীত বিদ্যুৎ বিতরণ খাতের অন্যান্য সকল সংস্থা/কোম্পানি সিস্টেম লসের লক্ষ্যমাত্রা অর্জন করেছে। ডিপিডিসিকে সিস্টেম লসের লক্ষ্যমাত্রা অর্জন করার জন্য নির্দেশনা দেয়া হয় এবং অন্যান্য সংস্থা/কোম্পানিকে সিষ্টেম লসের লক্ষ্যমাত্রা অর্জন অব্যাহত রাখার জন্য পরামর্শ	(ক) বিতরণ সিষ্টেম লস অনতিবিলম্বে Single Disit-এ নামিয়ে আনার লক্ষ্যে স্মার্ট গ্রিড বাস্তবায়ন ও প্রিপেইড মিটার স্থাপন এবং Bulk Consumerদের Prepaid Meter এর আওতায় আনতে হবে। (খ) সকল সংস্থা/কোম্পানি প্রিপেইড মিটার স্থাপনের লক্ষ্যমাত্রা নির্ধারণ ও তার বাস্তবায়ন অগ্রগতি ছকে বিদ্যুৎ	সংশ্লিষ্ট সংস্থা/ কোম্পানি/ যুগ্ম প্রধান/ পাওয়ার সেল।

প্রদান করা হয়। বিতরণ সিস্টেম লস অনতিবিলম্বে Single Digit–এ নামিয়ে আনার জন্য পরামর্শ প্রদান করনে। প্রিপেইড মিটার স্থাপনের লক্ষ্যমাত্রা নির্ধারণ ও তার বাস্তবায়ন অগ্রগতি ছকে বিদ্যুৎ বিভাগে প্রেরণ করার জন্য পরামর্শ দেয়া হয়। এ সংক্রান্ত ছক প্রস্তত করে সংস্থা/কোম্পানিতে প্রেরণ করার জন্য পাওয়ার সেলকে নির্দেশনা প্রদান করা হয়।	বিভাগে প্রেরণ করবে। পাওয়ার সেল এ সংক্রান্ত ছক প্রস্তত করে সংস্থা/কোম্পানিতে প্রেরণ করবে।	

আলোচ্যসূচি-৭ বকেয়া বিদ্যুৎ বিল আদায়

(১) বিভিন্ন সংস্থার বকেয়া বিদ্যুৎ বিল আদায় সংক্রান্ত তথ্য নিম্নরুপঃ (কোটি টাকায়) (এপ্রিল/২০১৫)

সংস্থা/ কোম্পানি	গত মাস পর্যন্ত বকেয়া	বিবেচ্য মাসে বকেয়া	মোট বকেয়া	বিবেচ্য মাসে আদায়	বিবেচ্য মাস পর্যন্ত বকেয়া	এই অর্থ বৎসরের লক্ষ্যমাত্রা	বিবেচ্য মাস পর্যন্ত অর্জন (সমমাস)	মন্তব্য
বিউবো	১৪৬৪.০৩	৪৪৬.২২০	১৯১০.২৫	৪৩৩.১৪৬	১৪৭৬.৯০	২.৩৪	৩.২২	লক্ষ্যমাত্রা অর্জিত হয়নি।
বাপবিবো	১৫০০.৯৭	৮৬৭.৩৯১	২৩৬৮.৩৬১	৯৪৭.৮৩১	১৪২০.৫৩	১.৫৬	১.৬৪	লক্ষ্যমাত্রা অর্জিত হয়নি।
ডেসকো	৪১৭.৮৩	২৪৩.৫৩৪	৬৬১.৩৬৪	২১১.০৭৩	৪০৫.২৯	২.০২	১.৮৭	লক্ষ্যমাত্রা অর্জিত হয়েছে।
ডিপিডিসি	৮৬৫.৮৪	৪০৫.৭৬৮	১২৭১.৬০৮	৩৬৬.৫২৮	৯০৫.০৮	২.৬১	২.৩৮	লক্ষ্যমাত্রা অর্জিত হয়েছে।
ওজোপাডিকো	২৯৯.১৩	১২৩.৭১৪	৪২২.৮৪৪	১১৩.৭১৭	৩০৯.১৩	২.৪৯	২.৬৩	লক্ষ্যমাত্রা অর্জিত হয়নি।
মোট					৪৫১৬.৯৩			

আলোচনা	সিদ্ধান্ত	বাস্তবায়ন
(ক) সভায় বকেয়া বিদ্যুৎ বিল আদায় বিষয়ে আলোচনা হয়। প্রাপ্ত তথ্য পর্যালোচনায় দেখা যায়, সংস্থাসমূহের মার্চ/২০১৫ পর্যন্ত সামগ্রিক বকেয়ার পরিমান ছিল ২.২০ সমমাস যা বৃদ্ধি পেয়ে এপ্রিল/২০১৫ পর্যন্ত ২.২১ সমমাসে দাঁড়িয়েছে। আলোচ্য মাসে বিউবো, পবিবো এবং ওজোপাডিকো বকেয়া বিদ্যুৎ বিল আদায়ের লক্ষ্যমাত্রা অর্জন করতে সক্ষম হয়নি। বকেয়া বিদ্যুৎ বিল আদায়ের বিষয়ে বিউবো, পবিবো এবং ওজোপাডিকোকে আরো সক্রিয় হওয়ার জন্য নির্দেশনা দেয়া হয় এবং অন্যান্য কোম্পানিকে বকেয়া বিদ্যুৎ বিল আদায়ের লক্ষ্যমাত্রা অর্জন অব্যাহত রাখার জন্য পরামর্শ দেয়া হয়। বকেয়া বিদ্যুৎ বিল আদায়ের লক্ষ্যে বিভিন্ন মন্ত্রণালয়ের বিদ্যুৎ বিলের জন্য বরাদ্দকৃত টাকা বিদ্যুৎ বিভাগে দেয়ার ব্যবস্থা গ্রহণের জন্য অর্থ বিভাগে প্রেরণকৃত পত্রের বিষয়ে যোগাযোগ অব্যাহত রাখার নির্দেশনা প্রদান করা হয়। (খ) সকল বিদ্যুৎ বিতরণকারী সংস্থা/কোম্পানি হতে জুন/২০১৫ মাসের মোবাইল কোর্ট পরিচালনার তথ্য পাওয়া গিয়েছে। প্রাপ্ত তথ্যে দেখা যায় যে, ডিপিডিসি ব্যতীত অন্যান্য সকল সংস্থা/কোম্পানি বিবেচ্য মাসে মোবাইল কোর্ট পরিচালনা করেছে। সকল বিদ্যুৎ বিতরণকারী সংস্থা/কোম্পানিকে মোবাইল কোর্ট পরিচালনা করার জন্য নির্দেশনা দেয়া হয়। উল্লেখ্য ডিপিডিসির কোম্পানি সচিব মোবাইল কোর্ট পরিচালনা ব্যতীত বকেয়া বিদ্যুৎ বিল আদায় অব্যাহত রেখেছেন যা একটি দৃষ্টান্ত।	(ক) সকল বিদ্যুৎ বিতরণকারী সংস্থা/কোম্পানি সরকারী সংস্থা বা অফিসের নিকট বকেয়া বিদ্যুৎ বিল আদায়ের লক্ষ্যমাত্রা অর্জন ও বকেয়া আদায়ের চেষ্টা অব্যাহত রাখতে হবে। (খ)বকেয়া বিদ্যুৎ বিল আদায়ের লক্ষ্যে বিভিন্ন মন্ত্রণালয়ের বিদ্যুৎ বিলের জন্য বরাদ্দকৃত টাকা বিদ্যুৎ বিভাগে দেয়ার ব্যবস্থা গ্রহণের জন্য অর্থ বিভাগে প্রেরণকৃত পত্রের বিষয়ে যোগাযোগ অব্যাহত রাকখতে হবে। (গ) সকল সংস্থা/কোম্পানি মোবাইল কোর্ট পরিচালনার সংখ্যা বৃদ্ধি করবে এবং এ সংক্রান্ত তথ্য বিদ্যুৎ বিভাগে প্রেরণ করবে।	অতিরিক্ত সচিব (সমন্বয়) / সিনিয়র তথ্য কর্মকর্তা, বিদ্যুৎ বিভাগ, দপ্তর /সংস্থা/ কোম্পানি প্রধানগণ এবং পাওয়ার সেল।

(২) দপ্তর/সংস্থা/কোম্পানির মোবাইল কোর্ট পরিচালনার তথ্যঃ (জুন/২০১৫)

সংস্থা/কোম্পানি	মোবাইল কোর্ট পরিচালনার সংখ্যা	সাজা প্রদানের সংখ্যা	জরিমানা পরিমানা (টাকা)
বিউবো	৭১	৫	৯০,৯৩,৬৩২
বাপবিবো	৩৭	৩৭	৯৪,২০,১৯১
ডেসকো	২	১	২০,০০০
ডিপিডিসি	০	০	০
ওজোপাডিকো	৪	১	৬,৬৬,৭৯৮
মোট	১১৪	৪৪	১,৯২,০০,৬২১

আলোচনা	সিদ্ধান্ত	বাস্তবায়ন
(গ) বিদ্যুৎ বিতরণকারী সংস্থা/কোম্পানি হতে প্রাপ্ত অবৈধ সংযোগ বিচ্ছিন্নকরণের তথ্য পাওয়া গিয়েছে। প্রাপ্ত তথ্য পর্যালোবচনান্তে দেখা যায় যে, বিবেচ্য মাসে সকল সংস্থা/কোম্পানি অবৈধ সংযোগ বিচ্ছিন্ন করেছে।সংস্থা/কোম্পানিকে অবৈধ সংযোগ বিচ্ছিন্নকরণের কার্যক্রম আরো জোরদার করার নির্দেশনা প্রদান করা হয়।	(ঘ) সকল সংস্থা/কোম্পানি অবৈধ সংযোগ বিচ্ছিন্নকরণের কার্যক্রম আরো জোরদার করবে এবং অবৈধ সংযোগ বিচ্ছিন্নের তথ্য বিদ্যুৎ বিভাগে প্রেরণ করবে।	সকল সংস্থা/ কোম্পানি।

(৩) দপ্তর/সংস্থা/কোম্পানির অবৈধ সংযোগ বিচ্ছিন্নের তথ্যঃ (জুন/২০১৫)

সংস্থা/কোম্পানি	বকেয়ার জন্য বিদ্যুৎ সংযোগ বিচ্ছিন্নের সংখ্যা	অবৈধ সংযোগ বিচ্ছিন্নের সংখ্যা	বিচ্ছিন্নকৃত সংযোগের বিপরীতে বকেয়ার পরিমান	সংযোগ বিচ্ছিন্নের বিপরীতে বকেয়া আদায়	মন্তব্য
বিউবো	১৩,২১৩	১,১৬৪	৩,২৩,৩০,০০০		
বাপবিবো	৫৯,৩৬৪	১,০৬৮	৪১,৭৮,৫৬,২৪৭		
ডেসকো	৪,৬২৯	৪০৪	১,৩৪,০৩,২২১		
ডিপিডিসি	৬,২৩৯	১৫৬	৯৮,১৩,০০,০০০		
ওজোপাডিকো	৪,৩৯৮	৪৭	৪,৩৫,৫৯,০০০	সংযোগ বিচ্ছিনের বিপরীতে বকেয়া আদায়=২,১৮,৭৫,০০০	
মোট	৮৭,৮৪৩	২,৮৩৯	১৪৮,৮৪,৪৮,৪৬৮		

আলোচ্যসুচি-০৮ আন্তঃসংস্থা দেনা-পাওনা

বিদ্যুৎ বিলের আন্তঃসংস্থার দেনা-পাওনা সংক্রান্ত তথ্য : (কোটি টাকায়) (এপ্রিল/২০১৫)

পাওনাদার সংস্থা/ কোম্পানি	দেনাদার সংস্থা/ কোম্পানি	পুর্বের জের	পুর্বের মাসে পাওনা/ বিল	বিবেচ্য মাসে পাওনা/ বিল	মোট পাওনা	পুর্বের মাসে আদায়	বিবেচ্য মাসে আদায়	মোট আদায়	বর্তমানে মোট বকেয়া	বর্তমান বকেয়া
বিউবো	বাপবিবো	১৩৫১.০৮	৬৮৩.৪৫	৫৬৯.৪০	২৬০৩.৯৩	৬৮৫.১৪	৫৩৩.১১	১২১৮.২৫	১৩৮৫.৬৮	১৩২.৮৩
	ডেসকো	৫২০.৪৩	১৯৫.১২	২০৫.৭৪	৯২১.২৯	১৩৯.৪৪	১৩৭.৫৬	২৭৭	৬৪৪.২৯	২৪৩.৪৩
	ডিপিডিসি	১৭৬৪.৬৯	৩৫০.০০	৩৫৬.৯১	২৪৭১.৬	৪০০.৪৪	২৫৮.৯৩	৬৫৯.৩৭	১৮১২.২৩	১১০৫.৩২
	ওজোপাডিকো	১৬৫.৭৭	৯৪.৮৫	৯৮.৪৮	৩৫৯.১	৭৭.৪৫	৭৩.৫২	১৫০.৯৭	২০৮.১৩	১৪.৮
	ডেসা	২৮০৪.৭৮	০.০০	০.০০	২৮০৪.৭৮	০.০০	০.০০	০	২৮০৪.৭৮	২৮০৪.৭৮
পিজিসিবি	বিউবো	১৪.১২	১৭.৯৯	১৭.৫২	৪৯.৬৩	০.০০	১৪.১২	১৪.১২	৩৫.৫১	০
	বাপবিবো	৬৬.৭০	৩৭.১৭	৩১.২১	১৩৫.০৮	৩০.০৩	২৯.৫৬	৫৯.৫৯	৭৫.৪৯	৭.১১
	ডেসকো	১২.০৫	৮.২৭	৮.৭২	২৯.০৪	৫.৯১	৫.৮৩	১১.৭৪	১৭.৩	০.৩১
	ডিপিডিসি	৪০.০৩	১৪.১৮	১৪.৫০	৬৮.৭১	১৩.২২	৯.৮৬	২৩.০৮	৪৫.৬৩	১৬.৯৫
	ওজোপাডিকো	১১.৩৬	৪.৬৩	৪.৮৭	২০.৮৬	৩.৮৩	৩.৮২	৭.৬৫	১৩.২১	৩.৭১
	ডেসা	১৪.০৮	০.০০	০.০০	১৪.০৮	০.০০	০.০০	০	১৪.০৮	১৪.০৮
								মোট	৭০৫৬.৩৩	৪৩৪৩.৩২

আলোচনা	সিদ্ধান্ত	বাস্তবায়ন
আন্তসংস্থার দেনা পাওয়ার তথ্য পর্যালোচনা করে দেখা যায় যে, মার্চ/২০১৫ পর্যন্ত আন্তঃসংস্থার দেনা পাওনার পরিমান ছিল ৭৭৬২.৮৬০ কোটি টাকা যা এপ্রিল/২০১৫ মাস পর্যন্ত হ্রাস পেয়ে ৭০৫৬.৪৬০ কোটি টাকায় দাঁড়িয়েছে। আন্তঃসংস্থা দেনা-পাওনা হ্রাস করার প্রচেষ্টা অব্যাহত রাখতে হবে মর্মে সভায় সিদ্ধান্ত গৃহীত হয়। সভায় বিউবো কর্তৃক ডেসার নিকট বকেয়া ২৮০৪ কোটি টাকার বিষয়ে বিস্তারিত আলোচনা হয়। উক্ত বকেয়া পাওনার বিষয়ে অতিরিক্ত সচিব এর সভাপতিত্বে গঠিত কমিটিকে সভা আহবানের জন্য পরামর্শ প্রদান করা হয়। বিউবোর সদস্য (অর্থ)-কে এ বিষয়ে প্রয়োজনীয় উদ্যোগ গ্রহণের জন্য নির্দেশনা দেয়া হয়।	(ক)আন্তঃসংস্থা দেনা-পাওনা হ্রাস করার প্রচেষ্টা অব্যাহত রাখতে হবে। (খ) বিউবো কর্তৃক ডেসার নিকট বকেয়া ২৮০৪ কোটি টাকা পাওনার বিষয়ে অতিরিক্ত সচিব এর সভাপতিত্বে গঠিত কমিটিকে সভা আহবান করতে হবে। বিউবোর সদস্য (অর্থ) এ বিষয়ে প্রয়োজনীয় উদ্যোগ গ্রহণ করবেন।	অতিরিক্ত সচিব/ যুগ্ম-সচিব (কোঃএ্যাঃ) , বিদ্যুৎ বিভাগ/ সংস্থা/ কোম্পানি ও সদস্য(অর্থ) , বিউবো।

আলোচ্যসূচি-০৯ ওভারলোডেড ট্রান্সফর্মার

ওভারলোডেড ট্রান্সফর্মারের বিগত মাসের সাথে বিবেচ্য মাসের তুলনামূলক তথ্যঃ (জুন/২০১৫)

সংস্থার নাম	মোট স্থাপিত ট্রান্সফর্মার		ওভারলোডেড ট্রান্সফর্মার					ট্রান্সফর্মার পুড়েগেছে				
			গত মাস		চলতি মাস		গত মাসের তুলনায় পরিবর্তন (%)	গত মাস		চলতি মাস		গত মাসের তুলনায় পরিবর্তন (%)
	ট্রান্সফর্মারের সংখ্যা	মোট ক্ষমতা (কেভিঃ)	ট্রান্সফর্মারের সংখ্যা	মোট ক্ষমতা (কেভিঃ)	ট্রান্সফর্মারের সংখ্যা	মোট ক্ষমতা (কেভিঃ)		ট্রান্সফর্মারের সংখ্যা	মোট ক্ষমতা (কেভিঃ)	ট্রান্সফর্মারের সংখ্যা	মোট ক্ষমতা (কেভিঃ)	
বিউবো	২০,১৭৭	৩৩২৫৭৩০	১,৬৬৭	২৯৮৮৫০	১,৫৭৪	২৮২৭৫০	-৫.৫৮	১৯	২,৮৫০	১৮	৩২০০	-৫.২৬
বাপবিবো	৭,২৫,৮৩৫	৯৭১৩৭২৮	৫৩,৪৬০	৬৮৮৫২১	৪৫,১৬৭	৬৭৯০৬৪	-১৫.৫১	৫,৫৩০	৭৩,৫৯০	৫,৫৫৩	৮৯২৩১	০.৪২
ডেসকো	৫,৯৩২	১০৪৪১৯৬	১৭	৩৪০০	১৫	২৬০০	-১১.৭৬	২৪	৪,৮০০	২০	৪০০০	-১৬.৬৭
ডিপিডিসি	১০,৩৩৯	২০৪৯৯০০	৪০৬	৮১৩০০	৩০৭	৬১৫০০	-২৪.৩৮	৭৫	১৫,০০০	৫৩	১০,৫০০	-২৯.৩৩
ওজোপাডিকো	৫,৮৮৩	৯৮৬০৫০	৬৩৭	৯৮৭৫০	১৫৮	৩৪৬০০	-৭৫.২০	২০	৩,৮০০	১৯	৩৩৫০	-৫.০০
মোট	৭,৬৮,১৬৬	১৭১১৯৬০৪	৫৬,১৮৭	১১৭০৮২১	৪৭,২২১	১০৬০৫১৪		৫,৬৬৮	১,০০,০৪০	৫,৬৬৩	১১০২৮১	

আলোচনা	সিদ্ধান্ত	বাস্তবায়ন
(ক) ওভারলোডেড ট্রান্সফর্মার পরিবর্তনের বিষয়ে সভায় আলোচনা হয়। সভায় ওভারলোডেড এবং পুড়ে যাওয়া ট্রান্সফর্মারের শতকরা হার উল্লেখ করার জন্য নির্দেশনা দেয়া হয়। ওভারলোডেড ট্রান্সফর্মার পরিবর্তনের লক্ষ্যমাত্রা অর্জন অব্যাহত রাখার জন্য নির্দেশনা দেয়া হয়। ট্রান্সফর্মার পুড়ে যাওয়া রোধ করার উদ্দেশ্যে বিদ্যুৎ বিভাগ থেকে জারীকৃত পরিপত্রের নির্দেশনা যথাযথভাবে প্রতিপালন করার জন্য পরামর্শ দেয়া হয়। কারও অবহেলার জন্য ট্রান্সফর্মার পুড়ে গেলে তার কারণ নির্ণয় ও দায়-দায়িত্ব নির্ধারণপূর্বক প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের জন্য সংস্থা/কোম্পানি প্রধানকে নির্দেশনা দেয়া হয়। বিদ্যুৎ বিভাগের আওতাধীন দপ্তর/সংস্থা/কোম্পানির Transformer-এর Specification Standardization-নিমিত্ত গঠিত কমিটিকে দ্রুত সভা আহবান করার জন্য নির্দেশনা দেয়া হয়। প্রযুক্তি বিকাশের সাথে সাথে ট্রান্সফর্মার প্রটেকশনের জন্য আধুনিক পদ্ধতি অনেক দেশে ব্যবহৃত হচ্ছে। বাংলাদেশেও ট্রান্সফর্মারের প্রটেকশনের জন্য আধুনিক ও প্রযুক্তি নির্ভর কোন পদ্ধতি ব্যবহার করা যায় কিনা তা পরীক্ষা করে দেখা প্রয়োজন বলে সভায় মত প্রকাশ করা হয়।	(ক)ওভারলোডেড ট্রান্সফর্মার পরিবর্তনের লক্ষ্যমাত্রা অর্জন অব্যাহত রাখতে হবে। (খ) ট্রান্সফর্মার পুড়ে যাওয়া রোধ করার উদ্দেশ্যে জারীকৃত পরিপত্রের নির্দেশনা যথাযথভাবে প্রতিপালন করতে হবে। (গ) ট্রান্সফর্মার পুড়ে যাওয়ার কারণ নির্ণয় ও দায়-দায়িত্ব নির্ধারণপূর্বক প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণ করতে হবে। (ঘ) ওভারলোডেড এবং পুড়ে যাওয়া ট্রান্সফর্মারের শতকরা হার উল্লেখ করতে হবে। (ঙ)বিদ্যুৎ বিভাগের আওতাধীন দপ্তর/সংস্থা/ কোম্পানির Transformer-এর Specification Standardization-নিমিত্ত গঠিত কমিটিকে দ্রুত সভা আহবান করতে হবে। (চ)ট্রান্সফমার পুড়ে যাওয়া/বিস্ফোরিত হওয়া রোধ করার জন্য আধুনিক ও প্রযুক্তি নির্ভর নতুন প্রযুক্তি ব্যবহার করা যায় কী-না সে বিষয়ে পরীক্ষা-নিরীক্ষাপুর্বক প্রতিবেদন দেয়্যর জন্য একটি কমিটি গঠন করতে হবে।	সংশ্লিষ্ট সকল সংস্থা/কোম্পানি/পাওয়ার সেল/সংশ্লিষ্ট কমিটি।

আলোচ্যসূচিঃ ১০ পেন্ডিং তালিকা

আলোচনা	সিদ্ধান্ত	বাস্তবায়ন
বিদ্যুৎ বিভাগ ও আওতাধীন দপ্তর/সংস্থা/কোম্পানির পেন্ডিং পত্রের তালিকার বিষয়ে আলোচনা হয়। তথ্য পর্যালোচনায় দেখা যায় যে, দপ্তর/সংস্থা/কোম্পানি হতে বিদ্যুৎ বিভাগে ও বিদ্যুৎ বিভাগ হতে দপ্তর/সংস্থা/কোম্পানিতে প্রেরিত পেন্ডিং পত্রের সংখ্যা উল্লেখযোগ্য পরিমাণে হ্রাস পেয়েছে। দপ্তর/সংস্থা/কোম্পানি হতে বিদ্যুৎ বিভাগে প্রেরিত পেন্ডিং পত্রের তালিকা সমন্বয় সভার সিদ্ধান্ত বাস্তবায়ন অগ্রগতি প্রতিবেদনের সাথে সংযুক্তি হিসেবে প্রেরণের জন্য নির্দেশনা দেয়া হয়। বিউবোর যে সকল পদ ৩ বছরের বেশী সময় সংরক্ষিত আছে সে সকল পদ স্থায়ীকরণের জন্য প্রস্তাব বিদ্যুৎ বিভাগে প্রেরণ করার জন্য নির্দেশনা প্রদান করা হয়।	(ক) সকল দপ্তর/সংস্থা/কোম্পানি হতে বিদ্যুৎ বিভাগে প্রেরিত পত্রের পেন্ডিং তালিকা ও বিদ্যুৎ বিভাগের শাখা/অধিশাখা হতে আওতাধীন দপ্তর/সংস্থা/কোম্পানিতে প্রেরিত পত্রের পেন্ডিং তালিকা ছকে ও সংযুক্তি আকারে সভায় উপস্থাপন করতে হবে। (খ)যে সকল পদ ৩ বছর সংরক্ষণ করা হয়েছে, সে সকল পদ স্থায়ীকরণের জন্য প্রস্তাব বিদ্যুৎ বিভাগে প্রেরণ করবে।	সংশ্লিষ্ট সকল শাখা/ অধিশাখা, বিদ্যুৎ বিভাগ এবং দপ্তর/সংস্থা/ কোম্পানি।

আলোচ্যসূচি-১১ বিদ্যুৎ সাশ্রয়

দপ্তর/সংস্থা/কোম্পানী হতে প্রাপ্ত সোলার প্যানেল স্থাপনের তথ্যঃ(জুন/২০১৫)

সংস্থা/কোম্পানি	বিগত মাসের পূর্বের মাস পর্যন্ত বাস্তবায়িত (কিলোওয়াট পিক)	বিগত মাসে বাস্তবায়িত (কিলোওয়াট পিক)	বর্তমান মাসে বাস্তবায়নাধীন (কিলোওয়াট পিক)	ভবিষ্যত পরিকল্পনা কিলোওয়াট পিক)
বিউবো	১৩৮৪.৪০৮৯৯৯৯৯৯৯৯৯	১.৮	১.৪	৬৬.৬৫১
বাপবিবো	১৩১.১৬২	৫	৫	৪৫০
ডেসকো	২২৫.০৪	৫০	৪৬	নিরূপন হচ্ছে
ডিপিডিসি	৩৪.৪	০০	০০	২৬৩.০০
ইজিসিবি	০.৪	-		৩৬
আরপিসিএল	৪	০	০	৩
নওপাজেকো	৯			
এপিএসসিএল	৪০	০	৩৬	১০০
ওজোপাডিকো	১১.৩৬০০০০০০০০০০০০০১	-	-	৩.০০
পিজিসিবি	১০১.৮	০		১৪.০০
মোট	১৯৪১.৫৭১	৫৬.৮	৮৮.৪	৯৩৫.৬৫১

আলোচনা	সিদ্ধান্ত	বাস্তবায়ন
(ক) মে/২০১৫ মাসের লোড পরিমাপ করা হয়েছে। উক্ত প্রতিবেদন মন্ত্রণালয়ে প্রেরণ করা হয়েছে মর্মে পাওয়ার সেল জানিয়েছে। সভায় Solar ও Wind Power হতে বিদ্যুৎ জেনারেশন বৃদ্ধি করার জন্য এবং তা জাতীয় গ্রীডে দেয়ার ব্যবস্থা গ্রহণের জন্য নির্দেশনা দেওয়া হয়। (খ) সোলার চার্জিং স্টেশন স্থাপনের বিষয়ে প্রয়োজনীয় তথ্য সকল সংস্থা/কোম্পানি বিদ্যুৎ বিভাগে প্রেরণ করবে ও তা সভায় উপস্থাপন করতে হবে। (গ) সকল দপ্তর/সংস্থা/কোম্পানিকে তাদের নিজস্ব অফিস/ স্থাপনাসমুহে সোলার প্যানেল স্থাপনের তথ্য নিয়মিত বিদ্যুৎ বিভাগে প্রেরণের নির্দেশনা দেয়া হয়।	(ক) লোড পরিমাপ ও লোড বরাদ্দের তথ্য যাচাইয়ের জন্য গঠিত টেকনিক্যাল কমিটি বছরের মার্চ, মে, জুলাই ও অক্টোবর মাসে লোড পরিমাপ করবে এবং যাচাই শেষে প্রতিবেদন প্রদান করবে। (খ) Solar ও Wind Power হতে বিদ্যুৎ জেনারেশন বৃদ্ধি করতে হবে ও তা জাতীয় গ্রীডে দেয়ার ব্যবস্থা নিতে হবে। সকল সংস্থা/কোম্পানি Solar Charging Station স্থাপনের জন্য প্রয়োজনীয় তথ্য বিদ্যুৎ বিভাগে প্রেরণ করবে। গ) সকল দপ্তর/সংস্থা নিজস্ব অফিস/স্থাপনাসমুহে সোলার প্যানেল স্থাপন কার্যক্রম আরো বৃদ্ধি করবে এবংসোলার প্যানেল স্থাপন সংক্রান্ত প্রতিবেদন বিদ্যুৎ বিভাগে প্রেরণ করবে।	অতিরিক্ত সচিব (উন্নয়ন /সমন্বয়), যুগ্ম-সচিব (নজ্বাঃ), বিদ্যুৎ বিভাগ/ সকল দপ্তর/সংস্থা/ কোম্পানি এবং পাওয়ার সেল।

আলোচ্যসূচি-১২ পরিদর্শন ও গণশুনানি

(ক)পরিদর্শন: বিভিন্ন দপ্তর/সংস্থা/কোম্পানীর উর্ধতন কর্মকর্তাগণের অধীনস্থ দপ্তরসমূহ পরিদর্শন বিবরণী নিম্নরূপঃ(জুন/২০১৫)

সংস্থা/কোম্পানির নাম	কর্মকর্তার পদবী	পরিদর্শনকাল (দিন)
বৈদ্যুতিক উপদেষ্টার দপ্তর	বৈদ্যুতিক উপদেষ্টা ও প্রধান বিদ্যুৎ পরিদর্শক	৪
বিউবো	চেয়ারম্যান	৭
বাপবিবো	চেয়ারম্যান	৪
ডেসকো	ব্যবস্থাপনা পরিচালক	৩
ডিপিডিসি	ব্যবস্থাপনা পরিচালক	৩
ইজিসিবি	ব্যবস্থাপনা পরিচালক	৬
আরপিসিএল	ব্যবস্থাপনা পরিচালক	৪
নওপাজেকো	ব্যবস্থাপনা পরিচালক	৪
ওজোপাডিকো	ব্যবস্থাপনা পরিচালক	২
পিজিসিবি	ব্যবস্থাপনা পরিচালক	২
	মোট	৩৯

আলোচনা	সিদ্ধান্ত	বাস্তবায়ন
(ক) জুন/২০১৫ মাসে প্রাপ্ত তথ্য পর্যালোচনান্তে দেখা যায় যে,সকল দপ্তর/সংস্থা/কোম্পানি প্রধান অধীনস্থ প্রান্তিক অফিস পরিদর্শন করেছেন। সভায় সকল সংস্থাপ্রধানকে অধীনস্থ অফিস পরিদর্শন কার্যক্রম বৃদ্ধি করার ও অধীনস্থ অফিসারদেরকে প্রান্তিক অফিস পরিদর্শন করার বিষয়ে উৎসাহ প্রদানের জন্য নির্দেশনা দেয়া হয়। পরিদর্শনের সময় সমস্যা চিহ্নিত করে তা সমাধানের ব্যবস্থা গ্রহণ করার এবং সকল বৈদ্যুতিক স্থাপনার নিরাপত্তার বিষয়ে প্রয়োজনীয় নির্দেশনা প্রদানের জন্য সকলকে নির্দেশনা দেয়া হয়।	(ক) i) সকল সংস্থাপ্রধানকে অধীনস্থ অফিস পরিদর্শন কার্যক্রম বৃদ্ধি করতে হবে। ii)সকল দপ্তর/সংস্থা/কোম্পানি প্রধান প্রতিমাসে অন্ততঃ ১টি পূর্ণাঙ্গ পরিদর্শন প্রতিবেদন বিদ্যুৎ বিভাগে প্রেরণ করবে।	সকল দপ্তর/ সংস্থা/ কোম্পানি / পাওয়ার সেল।

(খ) গণশুনানি : দপ্তর/সংস্থা/কোম্পানী হতে প্রাপ্ত গনশুনানীর তথ্যঃ(জুন/২০১৫)

সংস্থা/কোম্পানির নাম	গনশুনানীর সংখ্যা(টি)	সমস্যা সমাধানের সংখ্যা/মন্তব্য
বিউবো	৭৯	সমস্যা সমাধান ২৬৮
বাপবিবো	৭২৩	অন্যান্য দপ্তর/সংস্থা/কোম্পানি হতে কোন তথ্য পাওয়া যায়নি। সংশ্লিষ্ট সংস্থা/কোম্পানি প্রধান তাদের অভিজ্ঞতা সভায় উপস্থাপন করতে পারেন।
ডেসকো	১৬	
ডিপিডিসি	১২০	
ওজোপাডিকো	৪৩	
মোট	৯৮১	

আলোচনা	সিদ্ধান্ত	বাস্তবায়ন
(খ)বিদ্যুৎ বিতরণকারী সংস্থা/কোম্পানিকে গণশুনানি অব্যাহত রাখায় ধন্যবাদ জ্ঞাপন করা হয়। গণশুনানিকার্যকর করার লক্ষ্যে জেলা প্রশাসকের কাযালয়, উপজেলা নির্বাহী অফিসের কার্যালয় ও ইউনিয়ন পরিষদে গণশুনানি করার পরামর্শ দেয়া হয়। গণশুনানিতে জনগণের সমস্যা জেনে তা সমাধান করার জন্য সকলকে অনুরোধ জানানো হয়। এ ছাড়া বিদ্যুৎ বিভাগের কর্মকর্তাগণকে মাঠ পর্যায়ে বিতরণ অফিস বিদ্যুৎ বিভাগের কর্মকর্তাগণকে পরিদর্শনের সময় গণশুনানিতে উপস্থিত থাকার জন্য পরামর্শ দেয়া হয়।	(খ) গণশুনানি কোথায় অনুষ্ঠিত হয়েছে তার তথ্যসহ প্রতিবেদন এবং গণশুনানিতে সমস্যা নিষ্পত্তির সংখ্যা সংশ্লিষ্ট সকল সংস্থা/কোম্পানি বিদ্যুৎ বিভাগে প্রেরণ করবে।	সকল দপ্তর/ সংস্থা/ কোম্পানি /পাওয়ার সেল।

আলোচ্যসূচি-১৩ বিদ্যুৎ সেবা সংক্রান্ত বিষয়ে জনমত যাচাই

আলোচনা	সিদ্ধান্ত	বাস্তবায়ন
গত ০৫ তারিখে ২০১৫-০৭-Draft Final Report এর উপর কর্মশালা অনুষ্ঠিত হয়েছে। ইতোমধ্যে পরামর্শক প্রতিষ্ঠান Final Report দাখিল করেছে মর্মে পাওয়ার সেল জানিয়েছে। পরামর্শক প্রতিষ্ঠান দাখিলকৃত Final Report পর্যালোচনা করে পরবর্তী পদক্ষেপ নেয়ার জন্য নির্দেশনা দেয়া হয়।	ডিপিডিসি ওজোপাডিকো ,এবং যে কোন একটি পল্লী বিদ্যুৎ সমিতি এলাকার বিদ্যুৎ সংযোগ, লোডশেড ও বিদ্যুৎ সেবা সংক্রান্ত বিষয়ে জনমত যাচাই এর- প্রতিষ্ঠান কর্তৃক দাখিলকৃত চুড়ান্ত Reportটি পর্যালোচনা করে পরবর্তী পদক্ষেপ নিতে হবে।	পাওয়ার সেল।

আলোচ্যসূচি-১৪ অডিট

সংস্থা/কোম্পানিসমূহের অনিষ্পন্ন অডিট আপত্তি নিষ্পত্তির বিবরণ নিম্নরূপঃ(জুন/২০১৫)

সংস্থা/ কোম্পানির নাম	পূর্বের অনিষ্পন্ন	বিবেচ্য মাসের নতুন অডিট আপত্তি	মোট আপত্তি	অডিট আপত্তি নিষ্পত্তির লক্ষ্যমাত্রা	বিবেচ্য মাসে নিষ্পত্তিকৃত অডিট আপত্তির সংখ্যা	জড়িত টাকার পরিমান (কোটি টাকা)	অনিষ্পন্ন অডিট আপত্তি
বিউবো	৩,৪৫৮	০	৩,৪৫৮	৯০	৪৪	১১১.৭৪	৩,৪১৪
বাপবিবো	১,১১৯	০	১,১১৯		০	১৮৪৫.৮৪	১,১১৯
ডেসকো	১০৭	০	১০৭	০১	০	১৮৭০.৫৯	১০৭
ডিপিডিসি	১২,৩৩	৬	১,২৩৯	০০	১৪	৪.৮	১,২২৫
ইজিসিবি	২০	০	২০	১	০	৮৫০.১৯	২০
আরপিসিএল	০	০	০	০	০	০	০
নওপাজেকো	১	০	১		১	০.৬	০
এপিএসসিএল	৫৮	০	৫৮	২	০	৬৪২.২৩২৬	৫৮
ওজোপাডিকো	৫৬০	০	৫৬০	-	৪	০.২৩২৯	৫৫৬
পিজিসিবি	২১৪	১৪	২২৮		৬	১৫৫৭	২২২
মোট	৬,৭৭০	২০	৬,৭৯০	৯৪	৬৯	৬৮৮৩.২২৫৫	৬,৭২১

আলোচনা	সিদ্ধান্ত	বাস্তবায়ন
সভায় অডিট আপত্তি নিষ্পত্তি বিষয়ে আলোচনা হয়। বিবেচ্য মাসে নতুন অডিট আপত্তির তুলনায় নিষ্পত্তি বেশি হওয়ায় সকল দপ্তর/সংস্থা/কোম্পানিকে ধন্যবাদ জ্ঞাপন করা হয়। অডিট আপত্তি নিষ্পত্তির কর্ম-পরিকল্পনা তৈরি ও লক্ষ্যমাত্রা নির্ধারণপূর্বক অডিট আপত্তি হ্রাসে কার্যকর পদক্ষেপ নেয়ার জন্য সংশ্লিষ্ট সকলকে নির্দেশনা দেয়া হয়। সকল দপ্তর/সংস্থা/কোম্পানি প্রধানকে অডিট আপত্তি দ্রুত নিষ্পত্তির বিষয়ে দ্বিপক্ষীয় সভা, ত্রিপক্ষীয় সভা করে আপত্তির সংখ্যা কমানোর ব্যবস্থা গ্রহণ এবং অডিট আপত্তি নিষ্পত্তির মাসিক লক্ষ্যমাত্রা নির্ধারণ ও তা অর্জনের জন্য পুনরায় নির্দেশনা দেয়া হয়।	(ক) দপ্তর/সংস্থা/কোম্পানির অডিট আপত্তি সমূহ দ্রুত নিষ্পত্তির প্রচেষ্টা অব্যাহত রাখতে হবে। (খ) অডিট আপত্তি নিষ্পত্তির কর্ম-পরিকল্পনা তৈরি ও লক্ষ্যমাত্রা নির্ধারণপূর্বক অডিট আপত্তি হ্রাসে কার্যকর পদক্ষেপ নিতে হবে।	অতিরিক্ত সচিব (সমন্বয়), বিদ্যুৎ বিভাগ/ দপ্তর/ সংস্থা/ কোম্পানি এবং পাওয়ার সেল।

আলোচ্যসূচি-১৫ বিভাগীয় মামলা

বিভিন্ন দপ্তর/সংস্থা/কোম্পানির বিভাগীয় মোকদ্দমা এবং তার নিষ্পত্তি সংক্রান্ত প্রতিবেদন নিম্নরূপঃ(জুন/২০১৫)

সংস্থা/ কোম্পানি	৩ মাসের অধিক অনিষ্পন্ন	৬ মাসের অধিক অনিষ্পন্ন	৯ মাসের অধিক অনিষ্পন্ন	পূর্বের পেন্ডিং	বিবেচ্য মাসে দায়ের	মোট মোকদ্দমা	বিবেচ্য মাসে নিষ্পত্তি	অনিষ্পন্ন মোকদ্দমা
বিউবো	১১	১৫	৪০	৩	১	৪	৪	০
বাপবিবো	৪	০	৬	১৭	১	১৮	৩	১৫
ডেসকো	০	০	০	৬	৫	১১	৫	৬
ডিপিডিসি	২	২	১৬	২০	০	২০	২	১৮
ইজিসিবি	০	০	০	৩	১	৪	০	৪
আরপিসিএল	০	০	০	০	০	০	০	০
এপিএসসিএল	০	০	০	-১	০	-১	০	-১
ওজোপাডিকো	৭	৫	০	১৫	১	১৬	১	১৫
পিজিসিবি	০	০	০	৪	০	৪	১	৩
মোট	২৪	২২	৬২	৬৭	৯	৭৬	১৬	৬০

আলোচনা	সিদ্ধান্ত	বাস্তবায়ন
সভায় বিভাগীয় মামলার বিবরণী নিয়ে আলোচনা করা হয়। দপ্তর/সংস্থা/কোম্পানিতে শৃঙ্খলা বজায় রাখা ও সুশাসনের জন্য শৃঙ্খলা বিরোধী কর্মকান্ডে লিপ্ত কর্মকর্তা/কর্মচারীদের বিরুদ্ধে প্রয়োজনবোধে বিভাগীয় ব্যবস্থা গ্রহণের পরামর্শ দেয়া হয়। তবে নিরপরাধ কেউ হয়রানির শিকার না হয় সেদিকে লক্ষ্য রাখার জন্য ও বিভাগীয় মামলা দ্রুত নিষ্পত্তি করার জন্য নির্দেশনা দেয়া হয়। সভায় বিউবো, পবিবো ও কোম্পানিসমূহকে তাদের সবচেয়ে পুরনো পেন্ডিং বিভাগীয় মামলা নিষ্পত্তির বিষয়ে বিশেষ উদ্যোগ গ্রহণের জন্য সভায় নির্দেশনা প্রদান করা হয়।	দপ্তর/সংস্থা/কোম্পানিতে শৃঙ্খলা বজায় রাখা ও সুশাসনের জন্য শৃঙ্খলা বিরোধী কর্মকান্ডে লিপ্ত কর্মকর্তা/ কর্মচারীদের বিশেষভাবে নজর রাখতে হবে এবং প্রয়োজনবোধে তাঁদের বিরুদ্ধে বিভাগীয় বা আইনানুগ ব্যবস্থা গ্রহণ করতে হবে।	দপ্তর/ সংস্থা/ কোম্পানি।

আলোচ্যসূচি-১৬ সিভিল স্যুট

বিভিন্ন দপ্তর/সংস্থা/কোম্পানির সিভিল স্যুটের তথ্য নিম্নরূপঃ(জুন/২০১৫)

সংস্থা/ কোম্পানি	পূর্বের পেন্ডিং	বিবেচ্য মাসে দায়ের	মোট	বিবেচ্য মাসে নিষ্পত্তি	অবশিষ্ট	গুরুত্বপূর্ণ মামলার সংখ্যা	অতিগুরুত্বপূর্ণ মামলার সংখ্যা	মন্তব্য
বিউবো	৪৬০	৩	৪৬৩	১	৪৬২	৬	৭	
বাপবিবো	১২৮	২	১৩০	০	১৩০	৫	৪	
ডেসকো	২৯	৪	৩৩	১	৩২	৩১	১	
ডিপিডিসি	২৫৪	০	২৫৪	১	২৫৩	১৭	৮	
আরপিসিএল	৩	০	৩	০	৩	২	১	
ওজোপাডিকো	১৮৮	২	১৯০	৩	১৮৭	৩	১	ওজোপাডিকোর পক্ষে ৩ টি মামলার রায় হয়েছে।
পিজিসিবি	৪৪	০	৪৪	০	৪৪	২	০	
মোট	১,১০৬	১১	১,১১৭	৬	১,১১১	৬৬	২২	

আলোচনা	সিদ্ধান্ত	বাস্তবায়ন
সভায় সিভিল স্যুটের বিষয়ে সংশ্লিষ্ট সকলকে যথাসময়ে যথাযথ আইনী কার্যক্রম গ্রহণে তৎপর থাকার পরামর্শ দেয়া হয় যাতে সংস্থা/কোম্পানির অনুকূলে রায় পাওয়া যায়। যে সকল মামলার রায় হয়েছে সেগুলোর মধ্যে কতটি পক্ষে এবং কতটি বিপক্ষে রায় হয়েছে তার তথ্য প্রেরণ করার জন্য পরামর্শ দেয়া হয়। যে সকল মামলার রায় বিপক্ষে হয়েছে তা যাচাই করে আপিল বা বিধিমত ব্যবস্থা গ্রহনের জন্য পরামর্শ দেয়া হয়। সভায় উপস্থাপনকৃত ২২টি অতিগুরুত্বপূর্ণ মামলার কাগজপত্র বিদ্যুৎ বিভাগে প্রেরণের জন্য নির্দেশনা দেয়া হয় এবং এ বিষয়ে বিদ্যুৎ বিভাগের অতিরিক্ত সচিবকে সংশ্লিষ্ট দপ্তর/সংস্থা/কোম্পানিকে নিয়ে সভা করার জন্য পরামর্শ দেয়া হয়। গুরুত্বপূর্ণ মামলার তথ্য যুগ্ম-সচিব (কোম্পানি এ্যাফেয়ার্স), বিদ্যুৎ বিভাগ এর নিকট প্রেরণের জন্য পরামর্শ দেয়া হয়।	(ক)যে সকল মামলার রায় হয়েছে সেগুলোর মধ্যে কতটি পক্ষে এবং কতটি বিপক্ষে রায় হয়েছে তার তথ্য বিদ্যুৎ বিভাগে প্রেরণ করতে হবে। (খ) সভায় সিভিল স্যুটের বিষয়ে সংশ্লিষ্ট সকলকে যথাসময়ে আইনী কার্যক্রম গ্রহণে তৎপর থাকতে হবে যাতে সংস্থা/কোম্পানির অনুকূলে রায় পাওয়া যায়। (গ) যে সকল মামলার রায় বিপক্ষে হয়েছে তা যাচাই করে আপিলের ব্যবস্থা গ্রহণ করতে হবে। (ঘ) সভায় উপস্থাপনকৃত ২২টি অতিগুরুত্বপূর্ণ মামলার কাগজপত্র বিদ্যুৎ বিভাগে প্রেরণ করবে এবং অতিরিক্ত সচিব সংশ্লিষ্ট দপ্তর/সংস্থা/কোম্পানির প্রতিনিধিদের নিয়ে সভা করেবেন।	অতিরিক্ত সচিব /যুগ্ম-সচিব (কোঃএ্যাঃ), বিদ্যুৎ বিভাগ দপ্তর/ সংস্থা/ কোম্পানি।

আলোচ্যসূচি-১৭ পেনশন কেস

বিভিন্ন দপ্তর/সংস্থা/কোম্পানির পেনশন কেস ও তার নিস্পত্তির বিবরনী নিম্নরূপঃ (জুন/২০১৫)

সংস্থা/ কোম্পানি	০৩ মাসের অধিক পেন্ডিং	০৬ মাসের অধিক পেন্ডিং	০১ বছরের অধিক পেন্ডিং	পূর্বের মোট পেন্ডিং	বিবেচ্য মাসে নতুন পেনশন কেস	মোট পেনশন কেস	বিবেচ্য মাসে নিস্পত্তিকৃত পেনশন কেসের সংখ্যা	অনিস্পন্ন পেনশন কেস	মন্তব্য
বিউবো	০	১	২	১৯	৭	২৬	৭	১৯	
বাপবিবো	০	০	১	১	১	২	১	১	মহামান্য হাইকোর্টে রীট পিটিশন প্রক্রিয়াধীন থাকায় ০১টি পেনশন কেস অনিস্পন্ন রয়েছে।
মোট	০	১	৩	২০	৮	২৮	৮	২০	

আলোচনা	সিদ্ধান্ত	বাস্তবায়ন
সভায় পেনশন কেস নিস্পত্তির হারে সন্তোষ প্রকাশ করা হয়। ১ বছরের বেশি পেন্ডিং থাকা পেনশন কেসসমূহ দ্রুত নিস্পত্তির জন্য সংশ্লিষ্ট সকলকে নির্দেশনা প্রদান করা হয়।	দপ্তর/সংস্থা/কোম্পানি পেন্ডিং পেনশন কেসসমূহ দ্রুত নিস্পত্তি করবে।	দপ্তর/ সংস্থা/ কোম্পানি।

আলোচ্যসূচি-১৮ প্রশিক্ষণ

আলোচনা	সিদ্ধান্ত	বাস্তবায়ন
(ক)জুন/২০১৫ মাসের প্রশিক্ষণ প্রদান বাস্তবায়ন অগ্রগতি পাওয়া গিয়েছে। সভাপতি কর্মকর্তা/কর্মচারীদের প্রশিক্ষণের উপর গুরুত্ব আরোপ করে বলেন, প্রশিক্ষণের ফলে কর্মদক্ষতা বৃদ্ধি পায়। তাই প্রমাপ অনুসারে সকল পর্যায়ের কর্মকর্তা/কর্মচারীদের প্রশিক্ষণের ব্যবস্থা করতে হবে। সভায় সকল দপ্তর/সংস্থা/কোম্পানিকে ২০১৫-১৬ অর্থবছরে কর্মকর্তা/কর্মচারীদের জন্য ৭০ জনঘন্টা প্রশিক্ষণ কর্মসূচি বাস্তবায়ন করার নির্দেশনা দেয়া হয়। (খ) উন্নয়ন প্রকল্প প্রণয়ন ও বাস্তবায়নের ক্ষেত্রে টার্ন-কি, ইপিসি, কন্ট্রাক্ট ডকুমেন্ট, কনসেশন এগ্রিমেন্ট ও আইপিপি-এর ডকুমেন্ট, MoU প্রস্তুত প্রভৃতি বিষয়ে দক্ষ লোকের অভাব রয়েছে। এ সব বিষয়ে একটি ট্রেনিং মডিউল তৈরী করে কর্মকর্তাদের প্রশিক্ষণের উদ্যোগ নেয়ার জন্য পরামর্শ প্রদান করেন। সকল দপ্তর/সংস্থা/কোম্পানির সহযোগিতায় বিউবোকে এ প্রশিক্ষণ আয়োজনের জন্য গত সভায় নির্দেশনা প্রদান করা হয়। আগামী সভার পূর্বেই এ বিষয়ে অগ্রগতির প্রতিবেদন প্রেরণের জন্য বিউবোকে নির্দেশনা প্রদান করা হয়।	(ক) দপ্তর/সংস্থা/কোম্পানিকে ২০১৫-১৬ অর্থবছরে কর্মকর্তা/কর্মচারীদের জন্য প্রস্তুতকৃত ৭০ জনঘন্টা প্রশিক্ষণ কর্মসূচি বাস্তবায়ন করতে হবে। (খ) উন্নয়ন প্রকল্প প্রণয়ন ও বাস্তবায়নের ক্ষেত্রে টার্ন-কি, ইপিসি, কন্ট্রাক্টডকুমেন্ট, কনসেশন এগ্রিমেন্ট ও আইপিপি ডকুমেন্ট, MoU প্রস্তুত প্রভৃতি বিষয়ে একটি ট্রেনিং মডিউল তৈরি করে কর্মকর্তাদের প্রশিক্ষণের ব্যবস্থা গ্রহণ করতে হবে। সকল দপ্তর/সংস্থা/ কোম্পানির সহযোগিতায় বিউবো এ প্রশিক্ষণের আয়োজন করবে। আগামী সভায় এ বিষয়ে অগ্রগতি জানাতে হবে।	সকল দপ্তর/ সংস্থা/ কোম্পানি, বিদ্যুৎ বিভাগ।

প্রশিক্ষণ প্রদান বাস্তবায়ন অগ্রগতিঃ (জুন/২০১৫)

প্রতিষ্ঠানের নাম	মোট কর্মকর্তা/ কর্মচারীর সংখ্যা	জনপ্রতি ৬০ ঘন্টা হিসাবে মোট প্রশিক্ষণ লক্ষ্যমাত্রা	বিবেচ্য মাসে অর্জিত লক্ষ্যমাত্রা (জনঘন্টা)	বিবেচ্য মাস পর্যন্ত অর্জিত লক্ষ্যমাত্রা (জনঘন্টা)	অবশিষ্ট প্রদেয় প্রশিক্ষণকাল (জনঘন্টা)	অর্জন (%)	অর্জন (জনপ্রতি জনঘন্টা)
বৈদ্যুতিক উপদেষ্টার দপ্তর	২১	১৩২০	৬০	১৩২০	০	১০০	৬৩
বিউবো	১৮৪৪৮	১১০৬৮৮০	১১৬৮৬৪	১১২৯৯২১	০	১০২	৬১
বাপবিবো	১৭১৩৩	১০২৭৯৮০	৫৫৩৮৭	১২৩৩৮৮৬	০	১২০	৭২
ডেসকো	১৫০০	৯০০০০	৪৬৮৪	৯৭০২৮	৭০২৮	১০৮	৬৫
ডিপিডিসি	৩৪৯৮	২০৯৮৮০	২৮৮৫৮	২৪৪৯৯২	০	১১৭	৭০
ইজিসিবি	২৮৯	১৬৫৪০	১৭২	২৬০৪০	০	১৫৭	৯০
আরপিসিএল	২৬৫	১৫৯০০	৮৪১	১৭৯০২	০	১১৩	৬৮
নওপাজেকো	২৫০	১৫০০০	১৪	২৩১৩০	০	১৫৪	৯৩
এপিএসসিএল	৬২০	৩৭২০০	১১৭১	৪৬৬৫২	০	১২৫	৭৫
ওজোপাডিকো	২৩৪১	১৪০৪৬০	৭২০০	১৫২৫১৬	০	১০৯	৬৫
পিজিসিবি	২৪০১	১৪৪০৬০	৮৭৪০	১৪৪১৭৬	০	১০০	৬০
কোল পাওয়ার জেনারেশন কোম্পানি লি	১৮	১০৮০	৩৬	১০৩২	০	৯৬	৫৭
মোট	৪৬৭৮৪	২৮০৬৩০০	২২৪০২৭	৩১১৮৫৯৫	৭০২৮	১১১	

আলোচ্যসূচি-১৯ আইসিটি বিষয়ক

আলোচনা	সিদ্ধান্ত	বাস্তবায়ন
সভায় সকল দপ্তর/সংস্থা/কোম্পানিকে Unified PMIS প্রবর্তন করার বিষয়ে আলোচনা হয়। সভায় জানানো হয় যে, ডিপিডিসি এর ডেভেলপকৃত PMIS সফটওয়ারটি বিভিন্ন দপ্তর/সংস্থা/কোম্পানির জন্য কাষ্টমাইজ করে Unified PMIS হিসেবে ব্যবহার করার নিমিত্ত ডেভেলপ করা হচ্ছে। ডিপিডিসি হতে সভায় জানানো হয় যে , PMIS সফটওয়্যারটি সম্পূর্ণভাবে প্রস্তত হয়নি। এ জন্য আরও কিছু সময় প্রয়োজন হবে। দ্রুত PMIS সফটওয়্যারটি প্রস্তুতের কাজ সমাপ্ত করার জন্য ডিপিডিসিকে নির্দেশনা দেয়া হয়। এ বিষয়ে আগামী সভার পূর্বে একটি অগ্রগতি প্রতিবেদন প্রেরণের জন্য ডিপিডিসি এর সংশ্লিষ্ট কর্মকর্তাকে নির্দেশনা দেয়া হয়।	ডিপিডিসি PMISসফটওয়্যার দ্রুত প্রস্তুত করবে। বিভিন্ন দপ্তর/সংস্থা/ কোম্পানির জন্য কাস্টমাইজ করে ডিপিডিসি'র PMIS সফটওয়্যারটি Unified PMIS হিসেবে ডেভেলপ করার কাজ দ্রুত সম্পন্ন করতে হবে। আগামী সভার পূর্বে অগ্রগতির প্রতিবেদন দিতে হবে।	ব্যবস্থাপনা পরিচালক, ডিপিডিসি ও প্রোগ্রামার , বিদ্যুৎ বিভাগ।

আলোচ্যসূচি-২০ শূন্যপদ

দপ্তর/সংস্থা/কোম্পানি হতে প্রাপ্ত শুন্য পদের তথ্যঃ (জুন/২০১৫)

দপ্তর/সংস্থা/ কোম্পানি	অনুমোদিত পদ	বিবেচ্য মাসের আগের মাস পর্যন্ত পূরণকৃত পদ	বিবেচ্য মাসে শূন্যপদ	বিবেচ্য মাসে পূরণকৃত পদ	অবশিষ্ট শূন্যপদ
বৈদ্যুতিক উপদেষ্টার দপ্তর	৩৩	২১	১২	০	১২
বিউবো	২০,৬৪৩	১৭,৯১৪	০	৭০	২,৭২৯
বাপবিবো	১,২১৯	১,০০৪	২১৫	০	২১৫
ডেসকো	১,৬৮০	১,৫০১	১৮১	০	১৮১
ডিপিডিসি	৫,৭৩১	৫,২৫৬	৪৭৫	৭১	৪০৪
ইজিসিবি	৫৫৫	৩২৪	২৩১	৩২৪	২৩১
আরপিসিএল	৩৫৯	২৬৫	৯৪	১	৯৬
নওপাজেকো	৫৪০	৪০৪	১৩৯	২	১৩৭
এপিএসসিএল	৭৮৪	৬২১	১৬৪	০	১৬৪
ওজোপাডিকো	২,৬৯৮	২,৩১০	১৫	০	৩৮৮
পিজিসিবি	৩,১৩০	২,৩৭৬	৭৫৮	২,৩৭২	৭৫৮
মোট	৩৭,৩৭২	৩১,৯৯৬	২,২৮৪	২,৮৪০	৫,৩১৫

আলোচনা	সিদ্ধান্ত	বাস্তবায়ন
দপ্তর/সংস্থা/কোম্পানির শূন্য পদ পুরণের অগ্রগতির বিষয়ে সভায় আলোচনা হয়। সভায় নিয়োগ কার্যক্রম দ্রুত সম্পন্নের নির্দেশনা প্রদান করা হয়।	সকল দপ্তর/সংস্থা/কোম্পানির শূন্যপদে জনবল নিয়োগের কার্যক্রম দ্রুত সম্পন্নকরণের লক্ষ্যে একটি কর্মপরিকল্পনা প্রণয়ন করতঃ বিদ্যুৎ বিভাগে প্রেরণ করবে। শূন্যপদ পূরণের শ্রেণীভিত্তিক তথ্য ছকে এ বিভাগে প্রেরণ করতে হবে।	দপ্তর/ সংস্থা/ কোম্পানি।

আলোচ্যসূচি-২১ বিবিধ

আলোচনা	সিদ্ধান্ত	বাস্তবায়ন
(ক)যে সকল সংস্থা কোম্পানির /Vendors Agreement/ MOUস্বাক্ষরিত হয়েছে এবং যে সকল সংস্থা কোম্পানির/ Vendors Agreement/MOU স্বাক্ষরিত হয়নি তার তালিকাসহ তথ্য বিউবো বিদ্যুৎ বিভাগে প্রেরণ করবে।বিদ্যুৎ উন্নয়ন বোর্ড হতে এ বিষয়ে কোন উদ্যোগ না নেয়ায় অসন্তোষ প্রকাশ করা হয়। বিদ্যুৎ বিভাগের অতিরিক্ত সচিব এ বিষয়ে সংশ্লিষ্ট সংস্থা ও কোম্পানিসমূহকে নিয়ে সভা করে এ বিষয়ে কোন সমস্যা থাকলে তা নিষ্পত্তি করে দ্রুত Vendors Agreement/MOU স্বাক্ষরের ব্যবস্থা করবেন। (খ) আশুগঞ্জ পাওয়ার স্টেশনে পিজিসিবি দ্রুত ১৩২ কেভি সাব স্টেশন-নির্মাণ কাজ চলমান রয়েছে। এ কাজ দ্রুত সম্পন্ন করার জন্য পিজিসিবিকে নির্দেশনা প্রদান করা হয়।	(ক) যে সকল সংস্থা/কোম্পানির Vensors Agreement/MOU স্বাক্ষরিত হয়েছে এবং যে সকল সংস্থা/কোম্পানির Vendors Agreement/MOU স্বাক্ষরিত হয়নি তার তালিকাসহ বিউবো বিদ্যুৎ বিভাগে প্রেরণ করবে। বিদ্যুৎ বিভাগের অতিরিক্ত সচিব এ বিষয়ে সংশ্লিষ্ট সংস্থা ও কোম্পানিসমূহকে নিয়ে সভা করে এ বিষয়ে কোন সমস্যা থাকলে তা নিষ্পত্তি করে দ্রুত Vendors Agreement/MOU স্বাক্ষরের ব্যবস্থা করবেন। (খ) আশুগঞ্জ পাওয়ার স্টেশনে পিজিসিবি দ্রুত ১৩২ কেভি সাব স্টেশন-নির্মাণ কাজ সম্পন্ন করবে।	বিউবো এবং পিজিসিবি

অতঃপর, আর কোন আলোচনা না থাকায় ধন্যবাদ জ্ঞাপনের মাধ্যমে সভার সমাপ্তি ঘোষনা করা হয়।

স্বাক্ষরিত/-০২-০৮-২০১৫
(মনোয়ার ইসলাম)
সচিব